গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
www.ashuganj.brahmanbaria.gov.bd

স্মারক নং- ০৫.৪২.১২৩৩.০০১.০৫.০০৪.২৩.

তারিখ ঃ ০৯/০২/২০২৩ খ্রি.

১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজার সমূহ ১৪৩০ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নেবর্ণিত শর্তে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী (মোট ৩টি পর্যায়ে) সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় সহ জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া, অফিসার-ইন-চার্জ, আশুগঞ্জ থানা এবং সোনালী ব্যাংক লি., আশুগঞ্জ শাখা হতে ক্রয় করা যাবে। দরপত্র ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় কার্যালয়ের উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখার বাক্সে নির্ধারিত সময় পর্যন্ত গ্রহণ করা হবে এবং দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) ঐ দিনই বেলা ২.০০ ঘটিকার সময় দরপত্র বাক্স খোলা হবে। ইজারা বিজ্ঞপ্তির প্রথম পর্যায়ে কোন হাট বাজার ইজারা না হলে পরবর্তী নিম্নোক্ত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে অবশিষ্ট বাজারের ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১-০৯-২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারক মোতাবেক উক্ত দরপত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

হাট-বাজার ইজারা দরপত্রের ক্যালেন্ডার

পর্যায়	দরপত্র ক্রয়ের শেষ তারিখ		দরপত্র দাখিলের তারিখ ও সময়	
১ম পর্যায়	০৯/০২/২০২৩ হতে ২৮/০২/২০২৩ খ্রিঃ	বিকাল- ৪.০০ ঘটিকা পর্যন্ত	০১/০৩/২০২৩ খ্রিঃ	দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত
২য় পর্যায়	০২-০৩-২০২৩ হতে ১২/০৩/২০২৩ খ্রিঃ	বিকাল- ৪.০০ ঘটিকা পর্যন্ত	১৩/০৩/২০২৩ খ্রিঃ	দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত
৩য় পর্যায়	১৪-০৩-২০২৩ হতে ১৯/০৩/২০২৩ খ্রিঃ	বিকাল- ৪.০০ ঘটিকা পর্যন্ত	২০/০৩/২০২৩ খ্রিঃ	দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত

১৪৩০ বাংলা সনের জন্য সম্ভাব্য ইজারাযোগ্য হাট-বাজারের বিবরণ

ক্রমিক নং	হাট-বাজারের নাম	সম্ভাব্য সরকারী ইজারা মূল্য	সিডিউলের মূল্য
০১	আশুগঞ্জ তোহা বাজার	৭,৪৮,৩৬০/-	২,২০০/-
০২	আশুগঞ্জ চক বাজার	১,৬০,০৬০/-	১,০০০/-
০৩	বাজার চারতলা বাজার	১,৮৬,৬৩৪/-	১,০০০/-
০৪	আড়াইসিধা চক বাজার	১,৭৩,৪৮৭/-	১,০০০/-
০৫	বাহাদুরপুর বাজার	১২,৭২০/-	৫০০/-
০৬	তালশহর নতুন বাজার	৬,১৩,৪৯৩/-	২,০০০/-
০৭	লালপুর বাজার	২,৯১,৮৭১/-	১,২০০/-

হাট - বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩০ এর ১লা বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা প্রদান করা হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারী বরাবর ফেরৎ প্রদান করা করা হবে।

৩। গৃহিত দরপত্রদাতাকে পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ এবং মোর্ট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন করা) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারে পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৫। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট- বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে পরিশোধকরত: ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি গ্রহণযোগ্য নহে।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তন পূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট বাজারের অপরিশোধিত ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা:—

(অরবিন্দ বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া
ফোন নম্বর- ০৮৫২৮-৭৪৫২২

স্মারক নং- ০৫.৪২.১২৩৩.০০১.০৫.০০৪.২৩-৫৫/১(১৯)

তারিখ ঃ ০৯/০২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৩। জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৪। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব),ব্রাহ্মণবাড়িয়া।
৭। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া।
৮। সচিব,জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
৯। সহকারী কমিশনার (ভূমি), আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। অবগতি ও কার্যার্থে।
১০। অফিসার-ইন-চার্জ,আশুগঞ্জ থানা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। অবগতি ও কার্যার্থে।
১১। উপজেলা.. কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
১২। চেয়ারম্যান, -----------------------ইউনিয়ন পরিষদ (সকল), আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। তাঁর এলাকাধীন সকল হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গহনের জন্য তাঁকে অনুরোধ করা হলো।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আশুগঞ্জ বাজার শাখা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...................................... ইউনিয়ন ভূমি অফিস, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। বিগত ৩ (তিন) বছরের ইজারা গ্রহীতাগণকে অবহিত করণসহ সংশ্লিষ্ট বাজারে ঢোল সহরতের মাধ্যমে ইজারা কার্যক্রমের বিষয়টি বহুল প্রচার করত অত্রাফিসে প্রতিবেদন দেয়ার জন্য তাঁকে বলা হল।
১৫। সভাপতি/ সম্পাদক, আশুগঞ্জ প্রেসক্লাব, আশুগঞ্জ।
১৬। সভাপতি/ সম্পাদক,..বণিক সমিতি/বাজার কমিটি (সকল)..................................।
১৭। সম্পাদক, ...উক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় মাত্র ১(এক) দিনের জন্য বহুল প্রচারের ব্যবস্থা নিমিত্ত অনুরোধ করা হলো।
১৮। জনাব.. প্রাক্তন ইজারাদার
১৯। অফিস কপি।

৯/২/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া